

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০৭৭

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ২০. তৃতীয় অনুচ্ছেদ - ওয়াসিয়াত (অন্তিম উপদেশ বা নির্দেশ)

আরবী

وَعَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ أَنَّ الْعَاصَمَ بْنَ وَائِلٍ أَوْصَى أَنْ يُعْتَقَ عَنْهُ مِائَةً
رَقَبَةٍ فَأَعْتَقَ ابْنَهُ هِشَامَ خَمْسِينَ رَقَبَةً فَأَرَادَ ابْنُهُ عَمْرُو أَنْ يُعْتَقَ عَنْهُ الْخَمْسِينَ الْبَاقِيَةَ
فَقَالَ: حَتَّى أَسْأَلَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاتَّى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ
فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ أَبِي أَوْصَى أَنْ يُعْتَقَ عَنْهُ مِائَةً رَقَبَةً وَإِنَّ هِشَاماً أَعْتَقَ عَنْهُ
خَمْسِينَ وَبَقِيَتْ عَلَيْهِ خَمْسُونَ رَقَبَةً أَفَأَعْتِقُ عَنْهُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
«إِنَّهُ لَوْ كَانَ مُسْلِمًا فَأَعْتَقْتُمْ عَنْهُ أَوْ تَصَدَّقْتُمْ عَنْهُ أَوْ حَجَجْتُمْ عَنْهُ بِلِغَةِ ذَلِكِ». رَوَاهُ أَبُو
دَاؤِد

বাংলা

৩০৭৭-[৮] 'আমর ইবনু শু'আয়ের তাঁর পিতা ও দাদা পরম্পরায় বর্ণনা করেন যে, 'আস্ত ইবনু ওয়াইল (প্রাণ প্রায় ওষ্ঠাগত হওয়ায়) ওয়াসিয়াত করে যান যে, তার পক্ষ হতে যেন একশত ক্রীতদাস মুক্ত করা হয়। তদনুসারে তার পুত্র হিশাম পঞ্চাশটি ক্রীতদাস মুক্ত করেন। অতঃপর তাঁর পুত্র 'আমর বাকি পঞ্চাশটি স্বাধীন করার ইচ্ছা পোষণ করলেন। তবে বললেন, আমি স্বাধীন করব না যতক্ষণ না এ সম্পর্কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজেস করব। অতঃপর তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খিদমাতে গিয়ে বললেন, হে আল্লাহর রসূল! আমার পিতা তার পক্ষ হতে একশত ক্রীতদাস মুক্ত করার ওয়াসিয়াত করে গেছেন আর বাকী রয়েছে পঞ্চাশটি; আমি কি তার পক্ষ হতে তা মুক্ত করব? এমতাবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, সে যদি মুসলিম হতো, আর তোমরা তার পক্ষ হতে তা মুক্ত করতে অথবা দান-সাদাকা করতে বা হজ্জ/হজ করতে, তাহলে তার নিকট তার সাওয়াব পৌঁছত। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] হাসান : আবু দাউদ ২৪৮৩, সহীহ আল জামি' ৫২৯১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে কোনো কাফিরের ওয়াসিয়্যাত, তার মুসলিম ওয়ালীর জন্য পালন করার বিধান প্রসঙ্গে আলোচিত হয়েছে। ‘আস ইবনু ওয়ায়িল ছিলেন একজন কাফির। যিনি ইসলামী যুগ পেয়েও ইসলাম গ্রহণ করেন নি। তিনি তার ওয়ারিসদেরকে তার মৃত্যুর পর তার পক্ষ থেকে একশত গোলাম আযাদ করতে ওয়াসিয়্যাত করেন। তখন তার ছেলে হিশাম তার পক্ষ থেকে পঞ্চাশটি গোলাম আযাদ করে দেন। আর হিশাম তিনি ছিলেন, প্রাথমিককালে ইসলাম গ্রহণকারীদের একজন। তিনি মক্কায় ইসলাম গ্রহণ করে পরবর্তীতে বর্তমান ইথিওপিয়ায় হিজরত করেন। অতঃপর তার অপর পুত্র ‘আমরও পঞ্চাশটি গোলাম আযাদ করার ইচ্ছা করেন, ‘আমর পঞ্চম হিজরীতে ইসলাম গ্রহণ করেন, তিনি বিষয়টি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজেস করার মনঃস্থির করলেন যে, তার কাফির পিতার পক্ষ থেকে গোলাম আযাদ করা বৈধ কিনা? অতঃপর সে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত হয়ে জিজেস করলেন- ইয়া রসূলাল্লাহ! আমার পিতা একশত গোলাম আযাদ করার জন্য ওয়াসিয়্যাত করে যান, হিশাম পঞ্চাশটি গোলাম তার পক্ষ থেকে আযাদ করে দিয়েছেন, বাকী পঞ্চাশটি গোলাম আমি কি তার পক্ষ থেকে আযাদ করে দিব? উত্তরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যদি সে মুসলিম হতো আর তুমি তার পক্ষ থেকে গোলাম আযাদ করতে, সাদাকা প্রদান করতে এবং হজ্জ/হজ আদায় করতে তবে সে সাওয়াব পেত। কিন্তু সে মুসলিম না হয়ে মারা যাওয়ার কারণে এসব তার কোনো উপকার হবে না। (‘আওনুল মা’বুদ ৫ম খন্ড, হাঃ ২৮৮০; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আমর ইবনু শু’আয়ব (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68404>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন